



নং প্রকা/ক্রেবি/ক্রমাবি-১৯৯(অংশ-২)/২০২০-২০২১/৯৪৬(১২০০)

তারিখ : ১৪-১০-২০২০ খ্রিঃ

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক

বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়

ঢাকা/গাজীপুর/নারায়নগঞ্জ/ মানিকগঞ্জ/ টাঙ্গাইল(দঃ)/ টাঙ্গাইল(উঃ)/কিশোরগঞ্জ/শেরপুর/ জামালপুর/কুমিল্লা/লাকসাম/চাঁদপুর/নোয়াখালী/ ফেনী/লক্ষীপুর/ চট্টগ্রাম (পূর্ব)/চট্টগ্রাম (পশ্চিম)/পটিয়া/কক্সবাজার/ মাদারীপুর/গোপালগঞ্জ/ বরিশাল/ ঝালকাঠি/ পিরোজপুর/ভোলা/ পটুয়াখালী /বরগুনা /বাগেরহাট/ ঝিনাইদহ/ মাগুরা/নড়াইল/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা ও মৌলভী বাজার অঞ্চল।  
শাখা ব্যবস্থাপক (সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।

বিষয় : স্বনির্ভর ঋণ আদায়করণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,


উপর্যুক্ত বিষয়ে ক্রেডিট বিভাগের পত্র নং প্রকা/ক্রেবি (শাখা-৫)/ক্রমাবি-১৯৯(অংশ-২)/২০২০-২০২১/৪০০(১৬) তারিখ ১৯-০৮-২০২০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। স্বনির্ভর ঋণ কর্মসূচীর আওতায় মার্চ পর্যায়ে শ্রেণীকৃত ও শ্রেণীযোগ্য ঋণসমূহ আদায় না হওয়ায় বিতরণকৃত অনাদায়ী ঋণ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। ঝুঁকি ব্যবস্থাপনার কমিটিতে আলোচনার প্রেক্ষিতে স্বনির্ভর ঋণ কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণ আদায়ের পর বিকেবি'র নিজস্ব কর্মসূচীর আওতায় এনে বিশেষ করে শস্য ঋণ/ বাংলাদেশ ব্যাংকের আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০(দশ) টাকার হিসাবধারীদের পুনঃ অর্থায়ন ফীমের আওতায় ঋণ প্রদান করা যেতে পারে মর্মে পরামর্শ প্রদান করা হয়। একই সাথে যে সকল শাখার স্বনির্ভর কর্মী কর্তৃক আদায়কৃত টাকা যাতে হস্তমজুদ হতে না পারে সে বিষয়ে বিশেষ নজর দেয়ার জন্য মার্চ পর্যায়ের একাধিক নির্দেশনা পত্র প্রেরণ করা হয়েছে। ইতিমধ্যে ২০২০-২০২১ অর্থবছরে স্বনির্ভর ঋণ খাতে অনাদায়ী ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া হয়েছে।

০৩। স্বনির্ভর ঋণ কর্মসূচীর আওতায় বিতরণকৃত ঋণের অধিকাংশ ঋণ খেলাপী হয়ে পড়ায় BKB Risk Management Unit এর আগষ্ট/২০২০ ইং মাসের সভায় স্বনির্ভর খাতে বিতরণকৃত ঋণ লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায়ের পরিমাণ খুব কম হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। চলতি অর্থবছরে স্বনির্ভর ঋণ খাতের আদায়ের পরিমাণ বৃদ্ধি করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। ব্যাংকের বিদ্যমান সুদ মওকুফ নীতিমালার (ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং ০২/২০১৮ তারিখ ০৬-০৮-২০১৮) আলোকে প্রযোজ্য ক্ষেত্রে সুদ মওকুফ এবং ঋণ নিয়মাচার মেনে খাত পরিবর্তন করে ঋণ স্থিতি-হ্রাস করার কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা প্রদান করা হয়।


০৪। এমতাবস্থায়, স্বনির্ভর খাতে খেলাপী ঋণ হ্রাস করার জন্য বিতরিত ঋণের খাত পরিবর্তন করে প্রযোজ্য ক্ষেত্রে প্রচলিত নীতিমালা ও বিধি-বিধান অনুসরণ পূর্বক কৃষি ঋণ/১০ টাকার হিসাবধারীদেরকে ক্ষুদ্র ব্যবসার লক্ষ্যে ঋণ প্রদান এবং স্বনির্ভর কর্মী কর্তৃক আদায়কৃত টাকা যাতে হস্তমজুদ হতে না পারে সে বিষয়ে কঠোর নজরদারী নিশ্চিতকরণ এবং ব্যাংকের ঋণ আদায় বিভাগের বিদ্যমান সুদ মওকুফ নীতিমালা ঋণ আদায় মহাবিভাগ পরিপত্র নং ০২/২০১৮ তারিখ ০৬-০৮-২০১৮ এর আলোকে প্রযোজ্য ক্ষেত্রে সুদ মওকুফ এবং ঋণ নিয়মাচার মেনে আদায় পূর্বক খাত পরিবর্তন করে নতুন ঋণ বিতরণের মাধ্যমে উক্ত খাতে খেলাপী ঋণ স্থিতি-হ্রাস করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,  
  
(মোহাম্মদ মঈনুল ইসলাম)  
সহকারী মহাব্যবস্থাপক  
(বিভাগীয় দায়িত্বে)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১) স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২) স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিচালনা ও পরিচালন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়সমূহ।
- ০৪) উপ-মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা/উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ) বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা কে উপরোক্ত পত্রটি সংযুক্তিসহ বিকেবি'র নিজস্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৫) নথি।

  
(মোঃ নাজমুল করিম চৌধুরী)  
সহকারী মহাব্যবস্থাপক